

## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়: বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ প্রতিটি পদের নামের পার্শ্বে উল্লিখিত বেতন স্কেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান কারখানার নিম্নলিখিত শূন্য পদগুলি পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে :-

| ক্রঃ<br>নং | পদের নাম ও বেতন স্কেল   | পদের<br>সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা   |
|------------|---|----------------|---|
| ১।         | ইনস্ট্রুমেন্ট ইঞ্জিনিয়ার (ইলেকট্রনিক্স/ইলেকট্রিক্যাল)<br>টাঃ- ২৯,০০০-৬৩,৪১০/- বেতন স্কেলে<br>(জাতীয় বেতন স্কেল-২০১৫)          | ১<br>(এক)টি    | প্রার্থীকে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং-এ বি.এসসি ডিগ্রী অথবা ফলিত পদার্থ বিজ্ঞান ও ইলেকট্রনিক্স/পদার্থ বিদ্যায় এম.এস.সি ডিগ্রী থাকিতে হইবে। প্রার্থীকে কোন বিশ্ববিদ্যালয় বা গবেষণা প্রতিষ্ঠানে সহকারী প্রকৌশলী হিসাবে ইলেকট্রনিক যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণের কাজে কমপক্ষে ০৪ (চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। |
| ২।         | সহকারী প্রকৌশলী (ইনস্ট্রুমেন্ট)<br>(ইলেকট্রনিক্স/ইলেকট্রিক্যাল)<br>টাঃ- ২২,০০০-৫৩,০৬০/- বেতন স্কেলে<br>(জাতীয় বেতন স্কেল-২০১৫) | ১<br>(এক)টি    | প্রার্থীকে ফলিত পদার্থ বিজ্ঞান ও ইলেকট্রনিক্স অথবা পদার্থ বিদ্যায় এম.এস.সি ডিগ্রীধারী হইতে হইবে। প্রার্থীকে ইলেকট্রনিক যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণে কমপক্ষে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।   |

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ, সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত কপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ০৮-০৩-২০১৬ তারিখের মধ্যে রেজিস্ট্রারের নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

